গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-৩ শাখা
www.ictd.gov.bd

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০৫.২১.৩০

**প্রজ্ঞাপন**

কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত উপজেলা কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

| ক্রম. | কমিটির সদস্য | পদবি |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৯. | অধ্যক্ষ/প্রধান শিক্ষক-২জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | শিক্ষক সমিতির সভাপতি (প্রাথমিক ও মাধ্যমিক) | সদস্য |
| ১১. | সাইবার অপরাধ নিয়ে কাজ করেন এমন আইনজীবী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) [প্রাপ্তি সাপেক্ষে] | সদস্য |
| ১২. | স্থানীয় প্রেস ক্লাবের প্রতিনিধি (সাইবার ক্রাইম নিয়ে কাজ করেন এরূপ সাংবাদিক কে প্রাধান্য দিয়ে ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, কন্যাকথা (প্রাপ্তি সাপেক্ষে) | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, সাইবার টিনস (প্রাপ্তি সাপেক্ষে) | সদস্য |
| ১৫. | সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) স্কুল-কলেজের কিশোর-কিশোরীদের মধ্যে সাইবার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা/সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা;

খ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা;

গ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল শিকারগ্রস্থের সাথে সরাসরি যোগাযোগ রক্ষা করা ও প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করা;

ঘ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল এর শিকার কিশোর-কিশোরীদের স্বাভাবিক জীবনযাপন এর জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ঙ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধ ও সহায়তা সংক্রান্ত যেকোন কার্যক্রম পরিচালনা করা;

চ) প্রতি মাসে সভা করে সভার কার্যবিবরণী জেলা কমিটিকে প্রেরণ করা।

০২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। এ সংক্রান্ত পূর্বে জারিকৃত ১৬ অক্টোবর ২০২৩ তারিখের ৫৬.০০.০০০০.০৫৬.৯৯.০০৫.২১.২৮১ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পূর্বে জারিকৃত প্রজ্ঞাপন

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৭-০৩-২০২৫
মো. আবু নাছের
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
০২৪১০২৪২৪১
os3.sec@ictd.gov.bd

**নম্বর:** ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০৫.২১.৩০/১ (১৬)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি।
৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব ), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়বসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
৮। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল), ........................... উপজেলা, ................................... জেলা।।
১৩। সহকারী প্রোগ্রামার (সকল), .................................. উপজেলা, ................................... জেলা।।
১৪। উপজলো শিক্ষক সমিতির সভাপতি (প্রাথমিক ও মাধ্যমিক), ........................... উপজেলা, ................................... জেলা।।
১৫। উপজেলা প্রতিনিধি, কন্যাকথা পোর্টাল, ........................... উপজেলা, ................................... জেলা।।
১৬। উপজেলা প্রতিনিধি, সাইবার টিনস, ........................... উপজেলা, ................................... জেলা।।

২৭-০৩-২০২৫
মো. আবু নাছের
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)